# সোনালী ব্যাংক পিএলসি.

উত্তরা মডেল টাউন কর্পোরেট শাখা, ঢাকা

**অর্থঋণ আদালত আইন, ২০০৩ (সংশোধন ২০১০) এর ৩৩(৫) ধারা মোতাবেক দখল, ভোগ ও বিক্রয়ের সনদপ্রাপ্ত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি**

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা- মেসার্স উত্তরা ফ্যাশন টেইলার্স এন্ড ফেব্রিক্স, প্রোঃ- মোঃ জাহিদুল ইসলাম, পিতা- মৃত আব্দুল ছাত্তার, মাতা- জাহানারা বেগম, ব্যবসায়িক ঠিকানা- মুন্সি মার্কেট, দোকান-৩০, মতিন শপিং কর্নার, থানা- দক্ষিণখান, জেলা- ঢাকা। জামিনদারঃ মোসাঃ আছিয়া খাতুন, স্বামী- মোঃ শহিদুল্লাহ, মাতা- মোসাঃ আমেনা খাতুন, স্থায়ী ঠিকানাঃ সাং- কায়েতপাড়া, বরমী, শ্রীপুর, গাজীপুর।

এই মর্মে সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১১/০৩/২০২৪ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা =১৭,৬০,৬৫২/- (সতের লক্ষ ষাট হাজার ছয়শত বায়ান্ন) টাকা এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ (সংশোধন ২০১০) এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্নিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে ঃ

**ঃ শর্তসমূহ ঃ**

০১) আগামী ২৯/০৪/২০২৪ তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি., উত্তরা মডেল টাউন কর্পোরেট শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ২ঃ১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্দকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| আর্নেষ্ট মানি/ জামানাতের পরিমান | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত টাকার উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্বৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত ও বাজেয়াপ্ত করা হইবে।বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলাম অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিন্মস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিল- ক**

জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রী অফিস- শ্রীপুর, মৌজা- কায়েতপাড়া, জেএল নং- ৩৭, খতিয়ান নং- এসএ- ৪৬, ৫৮, ৬৮, আরএস- ৩৬, ৩৭, ৩৯, দাগ নং- সিএস ও এসএ- ৬১, ৫৯, ৫৮, আরএস- ১৭১, ২২০, ১৭২, জমির পরিমান- ৭.০০ শতাংশ সম্পত্তি ও তদস্থিত নির্মাণাদি। চৌহদ্দি- উত্তরে- ইন্নছ আলী, দক্ষিণে- ইন্নছ আলী, পূর্বে- তারা মিয়া গং, পশ্চিমে- ইন্নছ আলী।

**বন্ধকীকৃত সম্পত্তির তফসিল- খ**

জেলা- ঢাকা, থানা- উত্তরখান, সাব-রেজিষ্ট্রী অফিস- উত্তরা, মৌজা- উত্তরখান, জেএল নং- সিএস- ১৯৫, এসএ-১৭, আরএস- ১৪, সিটি জরিপ-১৯, খতিয়ান নং- সিএস- ৩৭৭, এসএ- ৪৮৫, আরএস- ১৯২৯, সিটি জরিপ- ৯৬৬, দাগ নং- সিএস ও এসএ- ৬৪৭, আরএস- ২১৫০, সিটি জরিপ- ২১৭৩৫, জমির পরিমান- ০.৮২৫০ শতাংশ সম্পত্তি ও তদস্থিত নির্মাণাদি। চৌহদ্দি- উত্তরে- মোঃ নাইম মিয়া, দক্ষিণে- মোসাঃ আমেনা খাতুন, পূর্বে- মোঃ শাহজাহান, পশ্চিমে- শফিকুল ইসলাম।

ডেপুটি জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি.
উত্তরা মডেল টাউন কর্পোরেট শাখা, ঢাকা।
০১৯৭৯-০৮০৭২৫